# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়
এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ই-মেইল ঃ nins@hospi.dghs.gov.bd

স্মারক নংঃ-১০/এনআইএনএস হাসপাতাল সম্প্রসারন প্রকল্প/ জনবল সংক্রান্ত নথি/২০২০-২১/৭৯ তারিখঃ ২৬/০৪/২০২১খ্রিঃ

## আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ঢাকা শের-ই-বাংলা নগরস্থ "এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল" শীর্ষক প্রকল্পের অনুকূলে ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ মোতাবেক নিম্নোক্ত পদসমূহে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (পে-গ্রেড) | যোগ্যতা | বেতন স্কেল/ সাকুল্যে বেতন |
|---|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) | ০১ (এক)টি | গ্রেড-১৬ | ক) কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে এইচ.এস.সি/সমমান পাশ<br>খ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ও ইংরেজীতে ২৮টি শব্দের গতি এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>গ) বয়স ঃ ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র, কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | সাকুল্যে বেতন (মাসিক) ১৯,১১০/- |
| ২. | ড্রাইভার (লাইট) | ০২ (দুই)টি | গ্রেড-১৬ | ক) এস.এস.সি পাশসহ কোন প্রতিষ্ঠানে গাড়ী চালক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের পূর্ব অভিজ্ঞতা।<br>খ) বয়স ঃ ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র, কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | সাকুল্যে বেতন (মাসিক) ১৮,৬১০/- |
| ৩. | অফিস সহায়ক | ০১ (এক)টি | গ্রেড-২০ | ক)এস.এস.সি পাশসহ কোন প্রতিষ্ঠানে এম.এল.এস.এস হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের পূর্ব অভিজ্ঞতা।<br>খ) বয়স ঃ ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র, কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | সাকুল্যে বেতন (মাসিক) ১৭,৬১০/- |

আবেদনের শর্তাবলী ঃ

১. নিয়োগপ্রাপ্ত জনবলের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট-১১ শাখার স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০ তারিখঃ-১৮/১২/২০১৯খ্রিঃ মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত টাকা পরিশোধ করা হবে।

২. পিপিআর-২০০৮, পিপিএ-২০০৬ অনুযায়ী জনবল নির্বাচন করা হবে।

৩. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্বের সনদ ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে।

৪. ড্রাইভার-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স, অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত কপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্বের সনদ ও মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে সাময়িক সনদ এবং গেজেটের সত্যায়িত কপি/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে।

৫. আবেদনকারীকে "পিডি, এক্সপানশন অব এনআইএনএস এন্ড এইচ" এর অনুকূলে উক্ত তিনটি পদের জন্য ৫০০/- (পাচঁশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ (অফেরতযোগ্য)-এর মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬. আবেদন আগামী <u>২০/০৫/২০২১খ্রিঃ</u> তারিখ বেলা ৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে "প্রকল্প পরিচালক, এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদন পৌঁছাতে হবে।

৭. ২৭/০৪/২০২১খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

৮. ০৩ (তিন)টি পদের জন্য পরীক্ষা গ্রহণ করা হবে। ড্রাইভার পদের জন্য ব্যবহারিক পরীক্ষায় (Practical Test) উত্তীর্ণ না হলে নিয়োগের জন্য যোগ্য হবে না।

৯. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি এবং আবেদন পত্রের সাথে সংযুক্ত কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১০. যেহেতু আউটসোর্সিং নীতিমালা-২০১৮ এর ভিত্তিতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ সেহেতু যে ব্যক্তিকে নিয়োগ করা হবে তার সাথে নিয়োগকারী কর্তৃপক্ষ সম্পূর্ণ অস্থায়ী চুক্তি সম্পাদন করবে বিধায় এই নিয়োগ কোনক্রমেই সরকারি নিয়োগ হিসেবে গণ্য হবে না। কেউ সরকারি নিয়োগ হিসেবে দাবি করলেও তা অবৈধ ও আইনত অগ্রাহ্য হিসেবে গণ্য হবে।

১১. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা, অবহেলার কারণে অত্র প্রতিষ্ঠানের কোন মূল্যবান জিনিসপত্র বা সম্পদের ক্ষতি হলে তার দায় নিয়োগপ্রাপ্তকে বহন করতে হবে।

১২. স্বহস্তে লিখিত/টাইপকৃত আবেদনপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও অভিজ্ঞতার প্রমাণকের সত্যায়িত কপি আবেদনপত্রে সংযুক্ত করতে হবে।

১৩. প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ে যাদের আবেদন বিবেচিত হবে কেবলমাত্র তাদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. আউটসোর্সিং-এর মাধ্যমে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ ও আউটসোর্সিং-এর বিষয়ে সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসারে সেবাগ্রহীতার সাথে চুক্তি পরিচালিত হবে।

১৫. সার্ভিস গ্রহীতার সাথে সরাসরি চুক্তি সম্পাদিত হবে। কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৬. নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তি বেতন কলামে পদের বিপরীতে বর্ণিত বেতন ব্যতীত অন্য কোন আর্থিক সুবিধা দাবি করতে পারবে না।

১৭. যেহেতু আউটসোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ সেহেতু নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তির চাকুরী রাজস্ব খাতে স্থানান্তরের আদৌ কোন সম্ভবনা নেই।

১৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৯. কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কারণ দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০. অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত সকল তথ্য প্রকল্পের ওয়েবসাইটে (**www.nins.gov.bd**) পাওয়া যাবে।

( অধ্যাপক ডাঃ মোঃ বদরুল আলম )
প্রকল্প পরিচালক
এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস এন্ড হসপিটাল
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন ঃ +০২-৯১০১৬৮১

GD-4356 (15x4)